যুগান্তর

তারিখ 24 AUG 2009
পৃষ্ঠা ৭ কলাম ৭

# সোয়াইন ফ্লু : দুটি স্কুল বন্ধের ঘটনায় ক্ষুব্ধ শিক্ষা মন্ত্রণালয়

যুগান্তর রিপোর্ট

সরকারের সঙ্গে কোন ধরনের পূর্ব আলোচনা ছাড়া দুটি ইংলিশ মিডিয়াম স্কুল বন্ধ করে দেয়ার ঘটনায় ক্ষুব্ধ হয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সংশ্লিষ্ট একাধিক দায়িত্বশীল সূত্র এ তথ্য জানিয়ে বলেছে, সোয়াইন ফ্লু'র মতো স্পর্শকাতর ইস্যুতে এ ধরনের সিদ্ধান্তের আগে সরকারের একাধিক মন্ত্রণালয়ের সুপারিশ নেয়া অপরিহার্য ছিল। অথচ স্কুলগুলো কাউকে কিছু না জানিয়ে নিজেরাই এমন একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। এ অবস্থায় ওই দুটি স্কুল সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় খোঁজখবর নিচ্ছে বলে জানা গেছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ার মতো পরিস্থিতি এখনও দেশে হয়নি।

শনিবার রাজধানীর স্কলাস্টিকা এবং সানবীম নামে দুটি স্কুল সোয়াইন ফ্লু'র আতংকে বন্ধ ঘোষণা করা হয়। বিষয়টি গণমাধ্যমে ব্যাপকভাবে প্রচারের পর সারাদেশেই আতংক ছড়িয়ে পড়ে। সরকার বলছে, বাংলাদেশে এটি এখন পর্যন্ত নিয়ন্ত্রণে রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করে বলেন, এ ধরনের একটি স্পর্শকাতর ইস্যুতে স্কুল কর্তৃপক্ষের একতরফা সিদ্ধান্ত নেয়া কতটুকু যুক্তিযুক্ত হয়েছে তা বিবেচনায় নেয়া উচিত। তিনি বলেন, সরকার সোয়াইন ফ্লু সম্পর্কে অত্যন্ত সচেতনভাবে কাজ করে যাচ্ছে। পুরো পরিস্থিতি নিয়ন্ত্রণেই রয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, সোয়াইন ফ্লু'র ইস্যুতে মন্ত্রণালয় ওই দুটি প্রতিষ্ঠান সম্পর্কে খোঁজখবর নিচ্ছে। জানা গেছে, স্কলাস্টিকা প্রতিষ্ঠানটি একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান। এর অধীনেই এটি একটি ইংরেজি মাধ্যম খুলে বসেছে। সানবীম সম্পর্কে তেমন কোন তথ্য নেই শিক্ষা মন্ত্রণালয়ে। তবে এটি সম্পর্কেও তথ্য সংগ্রহ করা হচ্ছে। প্রসঙ্গত, ইংরেজি মাধ্যম স্কুলগুলোর ওপর সরকারের বা মন্ত্রণালয়ের কোন নিয়ন্ত্রণ না থাকায় আগামী শিক্ষা নীতিতে তাদেরও নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানা গেছে।

রোববার দুপুরে সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেন, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ার মতো পরিস্থিতির সৃষ্টি হয়নি দেশে। মন্ত্রী ক্ষোভের সঙ্গে বলেন, প্রতিষ্ঠান দুটি মন্ত্রণালয়ের সঙ্গে কোন ধরনের আলোচনা ছাড়াই একক সিদ্ধান্তে তাদের প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে। নুরুল ইসলাম নাহিদ বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গেও শিক্ষা মন্ত্রণালয় নিবিড় ও সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে আসছে। স্বাস্থ্যমন্ত্রীও শনিবার বলেছেন, আতংকিত হওয়ার মতো পরিস্থিতি এখনও হয়নি।

স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র জানায়, সোয়াইন ফ্লু'র কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের বিষয়ে সরকার কোন সিদ্ধান্ত নেয়নি। শিক্ষা মন্ত্রণালয়কেও কোন পরামর্শ বা সতর্কতামূলক ব্যবস্থা নিতে অনুরোধ জানায়নি। এখন পর্যন্ত পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।